ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৩০৫</u>

আগরতলা,১৮ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদ সম্পর্কে প্রকৃত তথ্য**

২৫-০৯-২০২৫ তারিখে 'দৈনিক সংবাদ' পত্রিকায় "জল জীবন মিশন প্রকল্পে গোঁজামিল, সঙ্কট অব্যাহত" শিরোনামে প্রকাশিত সংবাদটির প্রতি পূর্ত দপ্তরের (পানীয়জল ও স্বাস্থ্য বিধি) দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ সম্পর্কে দপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে, কুমারঘাট আরডি ব্লকের অন্তর্ভুক্ত কৃষ্ণনগর পঞ্চায়েতে মোট ৭৫৮টি পরিবার রয়েছে। যার মধ্যে ৬৯৪ টি পরিবারকে প্যাকেজ টাইপ IRP সহ বিদ্যমান ৫টি গভীর নলকূপ এবং ৬টি স্বল্প ব্যসের অগভীর নলকূপ থেকে বাড়ি বাড়ি পাইপলাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে। কৃষ্ণনগর পঞ্চায়েতের অন্তর্ভুক্ত সমস্ত প্রকল্পগুলি সুষ্ঠভাবে কাজ করছে। বর্তমানে কৃষ্ণনগর পঞ্চায়েতের অন্তর্ভুক্ত গভীর নলকূপ এর জন্য একটি বুস্টিং ট্যাঙ্ক স্থাপন করা হচ্ছে। বাকি ৬৪টি পরিবারে এই নতুন বুস্টিং ট্যাঙ্কের মাধ্যমে পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা করা হবে।

সংবাদে উল্লিখিত ৩ থেকে ৪ মাস আগে স্থাপন করা পাইপলাইনের গুণগতমানের সমস্যা সম্পর্কে যে দাবি উঠেছে তা সম্পূর্ণ মিথ্যা। উপযুক্ত পরীক্ষার সার্টিফিকেট প্রাপ্তির পর স্পেসিফিকেশন অনুসারে এটি নির্মিত হয়েছিল। পাইপলাইনে ফাটল সম্পর্কিত সমস্যাগুলি ৩ দিনের মধ্যে দ্রুত রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট সংস্থার কাছে পাঠানো হয়েছে এবং রক্ষণাবেক্ষণের কাজ চলছে। তাছাড়া, গুণমানের বিষয়ে, ফটিকরায়ের জল পরিশোধনাগার থেকে সরবরাহ করা পানীয় জল নিয়মিতভাবে ঊনকোটি জেলার জল পরীক্ষাগারে পরীক্ষা করা হয় যা NABL দ্বারা স্বীকৃত এবং মান অনুসারে পাওয়া যায়। পরিশোধিত জলে বালির মতো কোনও অমেধ্য পাওয়া যায় না, কারন প্ল্যান্ট থেকে পানীয় জল যথাযথ শোধনের পর সংশ্লিষ্ট এলাকায় পানীয় জল সরবরাহ করা হয়।

*****